# কমপিউটার খেলা প্রকল্প ৩

জাকারিয়া স্বপন

এবারে যে খেলাটি দিচ্ছি, তা খুবই সহজ এবং পরিচিত। কাটাকাটি খেলা খেলেননি এমন লোক খুব একটা খুঁজে পাওয়া যাবে না। নীচে চিত্রে খেলাটির একটি অবস্থা বর্ণনা করা হলো–

| | | |
|---|---|---|
| | | O |
| X | X | O |
| | | X |

⟹

| | | |
|---|---|---|
| O | | O |
| X | X | O |
| | | X |

এখানে খেলোয়াড় দু'জন। একজনের হাতে থাকবে ক্রস চিহ্ন (X) দেবার ক্ষমতা এবং অন্য জনের হাতে থাকবে শূণ্য (o) বসাবার ক্ষমতা। যেকোন একদিকে (অর্থাৎ সুজাসুজি, আড়াআড়ি বা কোনাকোনি) কোনো খেলোয়ার যদি তার চিহ্নগুলো বসাতে পারেন, তবে তিনি জিতে গেলেন। চিত্রে, ক্রস চিহ্ন যুক্ত খেলোয়াড় যদি ১ম ঘরে একটি ক্রস বসাতে পারেন, তবেই তিনি জিতে গেলেন। কিন্তু এক্ষেত্রে যেহেতু ২য় খেলোয়াড়ের চাল দেবার কথা, তাই তিনি হয়তো বুদ্ধি করে ঐ ঘরেই শূণ্য দিয়ে দেবেন। অর্থাৎ একবার প্রথম খেলোয়ার চাল দেবেন, তারপর অপরজন— এভাবে খেলা চলতে থাকবে।

**খেলার নাম : কাটাকাটি ( Katakati)**

**কিভাবে করবেন :**

১। টেক্সট মোডে আসকী ক্যারেক্টার দিয়ে স্ক্রীণে নয়টি ঘর আঁকুন।
২। দু'জন প্রতিযোগীর নাম জেনে নিন।
৩। র‍্যাণ্ডম নাম্বার দিয়ে টস করার মতো করে, কে প্রথম চাল দেবে তা ঠিক করে নিন।
৪। স্ক্রীণের নীচে — কে চাল দেবে, তার নামসহ ঘোষণা দিন। প্রত্যেক চালের পূর্বেই এঘোষণা দিতে হবে।
৫। পুরো ছকটা পরীক্ষা করে দেখুন, কেউ জিতলো কি না। কোন সময় খেলা ড্র হতে পারে, অর্থাৎ আর মিলানো যাবে না। সেক্ষেত্রে কোন খেলোয়ারকেই কোন পয়েন্ট না দিয়ে বের হয়ে আসুন। বিজয়ীকে প্রত্যেকবারের জন্যে, এক পয়েন্ট বাড়িয়ে দিন।
৬। স্ক্রীণের দু'পাশে উপরের দিকে দু'টো বক্স করে, খেলোয়াড়ের নামসহ তাদের পয়েন্ট দেখাতে হবে।
৭। খেলাটি কতক্ষণ চলবে, তা নির্ধারণ করবেন খেলোয়াড়বৃন্দ।

প্রতিটি খেলা শেষে স্ক্রীণের নীচে ম্যাসেজ দিন, তারা খেলাটি আবারো খেলতে চান কিনা? হ্যাঁ, উত্তর দিলে বোর্ডটিকে পরিস্কার করে দিন। এবং গত খেলায় যিনি প্রথম চাল দিয়েছিলেন, তিনি এবার প্রথমে চাল দিতে পারবেন না। অন্য খেলোয়ার এবারে প্রথম চাল দেবেন। এভাবে পালাক্রমে খেলা চলতে থাকবে।

**কিছু গাইড লাইন**

(ক) ক্রস চিহ্নটি ইংরেজী "এক্স" (X) (ছোট হাতের হলে দেখতে ভালো লাগবে) দিয়ে এবং শূণ্যটি ইংরেজী "ও" (O) বর্ণ দিয়ে করা যেতে পারে।
(খ) যে কোন একজন খেলোয়ার চাল দেয়া মাত্রই পুরো ছকটি পরীক্ষা করে দেখুন, কেউ জিতে গেলো কি না। ছকটিকে কমপিউটারে ৩ X৩ একটি ম্যাট্রিক্স array-তে তৈরী করতে পারেন। কেউ জিতে গেলো কিনা, এই চেক করাটাই এখানে ঝামেলার কাজ, তবে তুলনামূলকভাবে খুবই সহজ। তাই একাজটি আপনাদের করতে হবে।
(গ) চারটি এরো কী দিয়ে কার্সরকে বিভিন্ন ঘরে নিয়ে যাবার ব্যবস্থা করতে হবে।কার্সর হিসেবে আমাদের প্রচলিত কার্সর, অথবা নিজেরা কোন নির্দেশক তৈরী করে নিতে পারেন। এ্যারো কী কিভাবে ব্যবহার করতে হয় তা গত খেলাগুলোতে ব্যাখ্যা করা হয়েছে।
(ঘ) "এক্স " (X) কী চাপলে, কার্সর যেখানে থাকবে সেখানে ক্রস এবং ''ও'' (o) কী চাপলে কার্সর অবস্থিত ঘরে শূণ্য ছাপা হবে।

**খেলা পাঠাবার নিয়ম**

১। যত কম সংখ্যক লাইনে খেলাটি লিখা যায়, ততই ভালো বলে বিবেচ্য।
২। অতিরিক্ত সৌন্দর্য বর্ধনের কোনও প্রয়োজন নেই। নেহায়ত যেটুকু না হলেই নয়, কেবল, তা-ই আমরা চাচ্ছি।
৩। খেলাটি ঠিকভাবে কাজ করছে কিনা, তা ভালোভাবে পরীক্ষা করে, তবেই আমাদের কাছে পাঠাবেন।
৪। খেলাটির প্রিন্ট আউট (Hard Copy) এবং ডিস্কেটে সোর্স কোডসহ আগামী ২৪ শে জুনের মধ্যে আমাদের অফিসে পাঠানোর ব্যবস্থা করবেন।

**বিশেষ সুবিধা**

আমাদের বেশীরভাগ প্রোগ্রামারই বেসিক ল্যাংগুয়েজে অভ্যস্ত। তারা সবাই নির্দিধায় খেলাটি পাঠাতে পারেন। আপনার ছোট খেলাটিও হয়তো বিজয়ী হয়ে যেতে পারে।

পুরস্কার : ১ম পুরস্কার : ১০০০.০০ (এক হাজার টাকা)
২য় পুরস্কার : ৫০০.০০ (পাঁচশত টাকা) সান্ত্বনা পুরস্কার : ২টি কমপিউটার বই।

---

৭। জেনারেল অটোমেশন
৬/৯ ব্লক-এ, লালমাটিয়া (৩য় তলা)
ঢাকা। ফোন : ৮১৩৬১১
কোর্স : ওয়ার্ডষ্টার, ওয়ার্ডপারফেক্ট,
লোটাস ১-২-৩, কোয়াট্রো, ডিবেজ থ্রী প্লাস,
ফক্সবেজ, বেসিক
সময় : ৬ সপ্তাহ ও ১০ সপ্তাহ।

৮। কনসেপ্ট কমপিউটার নেটওয়ার্ক
বাড়ী নং -১ (তৃতীয় তলা), রোড নং -২
ধানমন্ডি আ/এ, ঢাকা। ফোন : ৫০১৬০০
কোর্স : ওয়ার্ডষ্টার, ওয়ার্ডপারফেক্ট, লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস, বেসিক, অটোক্যাড।
সময় : ৫ সপ্তাহ। প্রতি সপ্তাহে ৫ দিন।

৯। কমপিউটার জোন
৪৮৩/এ ডিআইটি রোড, বাগানবাড়ী,
মালিবাগ, ঢাকা-১২১৭।
কোর্স : ওয়ার্ডষ্টার, ওয়ার্ডপারফেক্ট,
লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস, ফোরট্রান,
ভেনচুরা, ফ্রেমওয়ার্ক।

১০। মাইক্রো কমপিউটার সিস্টেম এণ্ড ইনফরমেশন
৯১, কাজী নজরুল ইসলাম এভিনিউ
৪র্থ তলা, এয়ারপোর্ট রোড, ঢাকা-১২১৫
ফোন : ৩১৭৬৫২
কোর্স : ডস, ওয়ার্ডষ্টার, ওয়ার্ডপারফেক্ট, লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস, ক্লিপার, বেসিক।

১১। কসমস কমপিউটারস লিঃ
কসমস সেন্টার, ৬৯/১ নিউ সার্কুলার রোড,
মালিবাগ ঢাকা-১২১৭, ফোন : ৮৩২০২৪
কোর্স : ওয়ার্ডষ্টার, ডস, লোটাস ১-২-৩,
ফ্রেইমওয়ার্ক III, ওয়ার্ডপারফেক্ট, ডিবেজ থ্রী প্লাস।

১২। ষ্টারট্রেক কমপিউটার্স
৫৩/১, নিউ এলিফ্যান্ট রোড
(দ্বিতীয় তলা), ঢাকা-১২০৫
কোর্স : ওয়ার্ডষ্টার, লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস,বেসিক। সময় : ৬ সপ্তাহ।

১৩। আই ডি এ কমপিউটার বিভাগ
১৮৩/১ সিদ্দিক বাজার (২য় তলা)
নর্থ সাউথ রোড, ঢাকা-১০০০
বাংলাদেশ, ফোন : ২৮২৪৪০
কোর্স : ওয়ার্ড প্রসেসিং, ডাটাবেইজ ম্যানেজমেন্ট, স্প্রেডশীট এনালাইসিস।

১৪। একজিকিউটিভ কানেকশন
৩১৫ বড় মগবাজার, ঢাকা, ফোন : ৪০৪৯১২
কোর্স : ওয়ার্ডষ্টার, লোটাস ১-২-৩,
ওয়ার্ডপারফেক্ট, ডিবেজ থ্রীপ্লাস।

১৫। ডলফিন কমপিউটার্স লিঃ
৭৭ সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা
ফোন : ৮১৪৩১২

১৬। সফটেক সিস্টেমস
১৭ ইন্দিরা রোড, ফার্মগেইট, ঢাকা, ফোন : ৮১৫২২০
কোর্স : ওয়ার্ডষ্টার, লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস, প্যাসকাল, ফোরট্রান, সি।

১৭। ন্যাশনাল কমপিউটার একাডেমী
১/১ আউটার সার্কুলার রোড
ঢাকা-১২১৭, ফোন : ৪১৬৯২৮

১৮। বাংলাদেশ কমপিউটার একাডেমী
খাঁফিপ্লাজা, ৩২৩/সি টঙ্গী ডাইভারশন
রোড, মগবাজার চৌরাস্তা, ঢাকা - ১২১৭
ফোন : ৪১ ৫৫ ০৬

১৯। মেঘনা সার্ভিসেস
কমপিউটার প্রশিক্ষণ
৩৯ বঙ্গবন্ধু এভিনিউ (৩য় তলা)
জিপিও-র বিপরীতে, ঢাকা - ১০০০
ফোন : ২৪ ৬৪ ৭৩
কোর্সসমূহ : ওয়ার্ডস্টার, ডস, ওয়ার্ডপারফেক্ট, লোটাস ১-২-৩, ডিবেজ থ্রী প্লাস, বেসিক।
সময় : ৫ সপ্তাহ, সপ্তাহে ৫ দিন প্রতিদিন ২ ঘন্টা।
গড় ফি : ১০০০/=

২০। দি ইঞ্জিনিয়ার্স এণ্ড কমপিউটারর্স
রোড নং -৪, বাড়ী নং -৫৯, ব্লক সি, বনানী,
ঢাকা-১২১৩, ফোন : ৮৮২৩৭১

২১। ডেফোডিল কমপিউটার্স
১০১/এ, গ্রীন রোড (২য় তলা)
ফার্মগেইট, ঢাকা-১২১৫, ফোন : ৮১৫৯৮৬
কোর্স : ওয়ার্ডপারফেক্ট, লোটাস, ডিবেজ,
এসপিএসএস/পিসি +, সি প্রোগ্রামিং।

২২। মাইক্রোল্যাণ্ড
ইনষ্টিটিউট অফ কমপিউটার এণ্ড ইলেকট্রনিক্স
১, কলাবাগান, মিরপুর রোড, ঢাকা।
ফোন : ৩২৪৮৪৩

২৩। অনন্ত জ্যোতি
বাইতুল শরফ মসজিদ, ফার্মগেইট
১৪৯/এ, এয়ারপোর্ট রোড (৩য় তলা)
ঢাকা-১২১৫। ফোন : ৮১৫৪৪৫, ৮১৪২৫৩